



রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

অধ্যক্ষের কার্যালয়

website: [www.ranguniacollege.edu.bd](http://www.ranguniacollege.edu.bd)/E-mail: [info@ranguniacollege.edu.bd](mailto:info@ranguniacollege.edu.bd)



নং- ২০২৩/০৫১

তারিখঃ ১৫/০৫/২০২৩ খ্রি.

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকায়**


**উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত (স্মারক নং- ১০(২২৬) জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৩/২৭৬৪ তারিখ: ১৪/০৫/২০২৩ খ্রি.) বিজ্ঞপ্তি মোতাবেক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ১ম বর্ষে ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকা আগামী ১৮ মে ২০২৩ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। রাংগুনিয়া সরকারি কলেজে ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) লিংক-এ ক্লিক করে ভর্তির আবেদন ফরম ও কলেজে ওয়েবসাইট [www.ranguniacollege.edu.bd](http://www.ranguniacollege.edu.bd) লিংক-এ ক্লিক করে কলেজের ভর্তি ফরম আগামী ২৯/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে পূরণপূর্বক কলেজ অফিস হতে রশিদ সংগ্রহ করে আগামী ৩০/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফি ও কলেজের ভর্তি ফি “বাংলাদেশ কৃষি ব্যাংক” রাংগুনিয়া কলেজ শাখায় টাকা জমা দিয়ে অফিস চলাকালীন সময়ে নিম্নলিখিত কাগজপত্রাদিসহ নিখারিত সময়ের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

ক্র. নং	নাম	পদবী	অনলাইনে ভর্তি ফরম পূরণ করার তারিখ	ভর্তি ফরম জমা দেওয়ার তারিখ
০১	জনাব নজমুল করিম মোহাং শাহারীয়ার	বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান	১৮/০৫/২০২৩ খ্রি. হতে ২৯/০৫/২০২৩ খ্রি. পর্যন্ত	১৮/০৫/২০২৩ খ্রি. হতে ৩০/০৫/২০২৩ খ্রি. পর্যন্ত
০২	জনাব মোঃ জাহেদুল আলম	বিভাগীয় প্রধান, ব্যবস্থাপনা		
০৩	জনাব মোঃ ছফুর মিয়া	কম্পিউটার অপারেটর		

**ভর্তির নিয়মাবলী :**

০১. জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মনোনীত বিষয়ে প্রার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) ওয়েবসাইট থেকে A4 সাইজের অফসেট ৪০gm কাগজে চূড়ান্ত ভর্তির আবেদন ফরম মূল কপি জমা দিতে হবে।
০২. রাংগুনিয়া সরকারি কলেজের ওয়েবসাইট ([www.ranguniacollege.edu.bd](http://www.ranguniacollege.edu.bd)) থেকে কলেজের ভর্তি ফরম পূরণপূর্বক A4 সাইজের অফসেট ৪০gm কাগজে (ডাউনলোডের সময় উভয় পৃষ্ঠায় প্রিন্ট) করে জমা দিতে হবে।
০৩. চূড়ান্ত ভর্তির আবেদন ফরম পূরণকৃত ছাত্র-ছাত্রীগণ নির্ধারিত তারিখের মধ্যে কলেজ অফিস হতে রশিদ সংগ্রহ করে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফি ও কলেজের ভর্তির ফি “বাংলাদেশ কৃষি ব্যাংক” রাংগুনিয়া কলেজ শাখায় টাকা জমাপূর্বক ভর্তি ফরমের সাথে টাকা জমাদানকৃত রশিদ জমা দিতে হবে।
০৪. এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে।
০৫. পাসপোর্ট সাইজের ০২ কপি রঙিন ছবি, এসএসসি, এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের ফটোকপি ০১ সেট জমা দিতে হবে।
০৬. সকল কাগজপত্র একটি ১০×১৪ সাইজের বড় খাম করে ওপরে বিভাগের নাম, ছাত্র-ছাত্রীর নাম, পিতার নাম, ঠিকানা ও সচল মোবাইল নম্বর লিখে জমা দিতে হবে।

  
১৫/৫/২৩  
(এ.কে.এম. সুজা উদ্দীন)  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

এ.কে.এম. সুজা উদ্দীন  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

**অনুলিপি :**

১. জনাব নাজমুল করিম মোঃ শাহারীয়ার, বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
২. জনাব জাহেদুল আলম, বিভাগীয় প্রধান, ব্যবস্থাপনা বিভাগ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
৩. জনাব মোঃ আবদুল মান্নান পাটওয়ারী, হিসাব রক্ষক, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
৪. জনাব মোঃ ছফুর মিয়া, কম্পিউটার অপারেটর, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
৫. অফিস নথি।